

শ্রীশ্রীহরি সঙ্গীত

৯

১০ নং তাল-আড়া

কর নামামৃত পান, কর হরি নামামৃত পান।

নামে রুচি হলে নামে করবে প্রেম দান।।

- ১। নামামৃত পান করিলে, সুনির্মল প্রেমফলে।
একেকালে ও আমার মন জুড়াবে পরাণ।।
- ২। যেই নাম সেই হরি, ভজরে মন নিষ্ঠা করি।
নামের মাঝেতে হরি আছেন অধিষ্ঠান।।
- ৩। হরিনামের মর্ম জানি, পাগল হল শূলপাণি।
বীণাযন্ত্রে নারদমুনি করে গুণ গান।।
- ৪। পতি মম মহানন্দ, গতি মম গোলোকচন্দ্র।
জ্ঞান মম তারকচন্দ্র, গুরুচন্দ্র ধ্যান।।
- ৫। প্রাণ মম হরিচন্দ্র, পদে প্রেম মকরন্দ।
পান করলি না তার একবিন্দু অশ্বিনী অঙ্গান।।

১১ নং তাল-ঠুংরী

শ্রীধাম ওড়াকান্দি যাবি যদি গৌণ করোনো।

গৌণ করোনা আমার মন অলস হয়োনা।।

- ১। প্রেম বারুণী প্রেমের মেলায়, যেতে হেলা করো না।
গেলে ধর্ম অর্থ মোক্ষ ফলে, ফলের কে করে গণনা।।
- ২। যে গিয়েচে, সে পেয়েছে, চেয়ে দেখনা।
পেল গোলোকের ধন, গোলোকহীরামন, ফিরে ঘরে গেল না।।
- ৩। কোলের ছেলে ভূমে ফেলে, যত কুলের অঙ্গনা।
তারা কুল ত্যজিয়ে যায় গো ধৈয়ে, কুলে রইতে পারলে না।।

* প্রত্যহ শ্রীশ্রীহরি-লীলামৃত পাঠ করুন।